

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৬.১৯

তারিখ: ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
১২ জানুয়ারী, ২০২১ খ্রি:

প্রাপক

আবু সাঈদ  
১২/খ, ধানসিড়ি ডিলা, হরমোহনশীল স্ট্রিট, লালবাগ,  
ঢাকা-১২০৫  
মোবাইলঃ ০১৭২৩২০৯৪৪৮  
ই-মেইলঃ [abusayedone@gmail.com](mailto:abusayedone@gmail.com)

**বিষয়ঃ** বঙ্গবন্ধু রিসার্চ ও ডকুমেন্টেশন কার্যক্রমের অধীনে প্রমোশনাল গবেষণা কর্মের বিপরীতে আর্থিক মঞ্জুরি প্রদান।  
**সূত্রঃ** ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আপনার আবেদনকৃত বাংলাদেশের মুক্তিসংগ্রাম ও স্বাধীনতায়ুদ্ধে দেশী-বিদেশী বেতার কেন্দ্রগুলোর ভূমিকা পর্যালোচনাঃ একটি ঐতিহাসিক সমীক্ষা শীর্ষক গবেষণা প্রস্তাবনাটি যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হওয়ার পর পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ-এর পক্ষ হতে আপনাকে **প্রমোশনাল** গবেষণা মঞ্জুরি হিসেবে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মঞ্জুরি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ গবেষণার মেয়াদকাল কার্যকর চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে ১২ (বারো) মাস।

**০২। চুক্তির নিয়মাবলী:**

- গবেষণা কর্মটি সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ অনুযায়ী পরিচালিত হবে। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ ([www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd) এবং [ssrc.portal.gov.bd](http://ssrc.portal.gov.bd)) হতে ডাউনলোড করা যাবে।
- গবেষণা কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে গবেষণা পরিচালনায় প্রাথমিক তথ্য সংগ্রহে প্রশ্নপত্রের উপর উত্তরদাতার নাম, ঠিকানা স্পষ্ট এবং প্রতিটি প্রশ্নপত্রে উত্তরদাতার টেলিফোন/মোবাইল নম্বর থাকতে হবে।

**০৩। চুক্তি সম্পাদনের শর্তাবলি:**

- গবেষণা মঞ্জুরি প্রাপ্তির জন্য অত্র পরিষদের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- গবেষণার ক্ষেত্রে চুক্তিপত্র এবং জামানতনামায় স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন করার পর গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবেন।
- গবেষণা মেয়াদকাল গণনা করা হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে অত্র পরিষদ কর্তৃক অনুমোদিত সময়কাল পর্যন্ত।
- অনুমোদিত গবেষণা কাজের নির্দিষ্ট অগ্রগতি অর্জন সাপেক্ষে পরিষদের নীতিমালা-২০১৭ অনুযায়ী নির্দিষ্ট কিস্তিতে পরিশোধ করা হবে। গবেষণা মঞ্জুরির কোন কিস্তি অগ্রীম পরিশোধ করা হয় না।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

- ঙ) এ গবেষণা মঞ্জুরির চুক্তিনামা সম্পাদন করতে গবেষক এবং জামানতকারীর জাতীয় পরিচয়পত্রের কপিসহ সশরীরে উপস্থিত থেকে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- চ) গবেষণা চুক্তিনামা সম্পাদন করতে গবেষকের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ছ) এ গবেষণা মঞ্জুরির সকল লেনদেন ক্রস চেক (Cross Check) এর মাধ্যমে সম্পাদন করা হবে।
- জ) নির্ধারিত সময়কালের মধ্যে গবেষক গবেষণার চুক্তিনামা সম্পাদন করতে ব্যর্থ হলে গবেষণা প্রস্তাবনার বিপরীতে অনুমোদিত গবেষণা মঞ্জুরি বাতিল বলে গণ্য হবে।
- ঝ) চলমান গবেষণার ক্ষেত্রে নতুন করে গবেষণা মঞ্জুরি পাওয়ার বিষয়টি বাতিল বলে গণ্য হবে।
- ঞ) চুক্তিনামার সাথে কর্মপরিকল্পনা (Action Plan) দাখিল করতে হবে। কর্ম পরিকল্পনা (Action Plan) অনুযায়ী কাঙ্ক্ষিত সময়ের মধ্যে গবেষণার কাজ সম্পন্ন করতে হবে।
- ট) প্রত্যেক গবেষক গবেষণা সংশ্লিষ্ট বিল-ভাউচার নির্দিষ্ট কতগুলো হেডে (১. গবেষকের সম্মানী, ২. তথ্য সংগ্রহকারীর পারিশ্রমিক ও অন্যান্য খরচ, ৩. প্রশ্ন প্রণয়ন ও ফটোকপি, ৪. যাতায়াত ভাতা, ৫. তথ্য বিশ্লেষণ, ৬. মুদ্রণ ও বাধাইকরণ, ৭. বই/জার্নাল ফটোকপি/ক্রয়, ৮. সরঞ্জামাদি ক্রয়, ৯. স্টেশনারী মালামাল ক্রয়, ১০. ল্যাবরেটরী ব্যয় ও অন্যান্য) বিল-ভাউচার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান করতে হবে। যাবতীয় বিল-ভাউচার পরিষদের টপসিটে প্রণয়ন করতে হবে।
- ঠ) গবেষক কর্তৃক সুপারভাইজার-এর নিয়োগপত্র এবং নিয়োগকৃত সুপারভাইজারের সম্মতিপত্র দিতে হবে।

০৪। এমতাবস্থায়, আগামী ২৫-০১-২০২১ খ্রিঃ তারিখে মধ্যে পরিষদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করার নিমিত্ত পরিষদের কার্যালয়ে (রকম#০৬, কক্ষ#২০) উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। চুক্তিপত্র (চুক্তিনামা ৩০০/-+জামানতনামা ৩০০/-) ৬০০/- (ছয়শত) টাকার স্ট্যাম্প এবং পরিশিষ্ট-ক (গবেষণা প্রস্তাবনা+বাজেটের টপসিট+কর্মপরিকল্পনা) কাঙ্ক্ষিত পেপারে প্রিন্ট করে নিয়ে আসতে হবে। গবেষক এবং জামানতকারীর প্রত্যেকের ০২ (দুই)কপি করে মোট ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি নিয়ে আসতে হবে। এ বিষয়ে কোন ডিএ/টিএ প্রদান করা হবে না।

সংযুক্তিঃ ক) চুক্তিনামা ও জামানতনামার নমুনা কপি।

আন্তরিকভাবে আপনার

মোঃ হাবিবুর রহমান

সহকারী সচিব

ফোন-৯১৮০৭৮৫।

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৬.১৯

তারিখঃ ২৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ  
১২ জানুয়ারী, ২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটিসেল, পরিকল্পনা বিভাগ, (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। গবেষণা অনুসন্ধানি, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, (এসএসআরসি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। অফিস কপি।

মোঃ হাবিবুর রহমান

সহকারী সচিব

ফোন-৯১৮০৭৮৫

মোবাইলঃ ০১৫৫২৩৫৪৯৮৪